

গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

বিষয়: জিটিসিএল-এর ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল কার্যক্রমের অর্ধবার্ষিক অগ্রগতি পর্যালোচনা

সভার কার্যবিবরণী।

সভাপতি	:	ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	:	০৯-০১-২০২৩
সভার সময়	:	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	:	কনফারেন্স রুম, লেভেল-৫, জিটিসিএল প্রধান কার্যালয়।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' হিসেবে সংযুক্ত।

১.০। আলোচনা:

- ১.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় তাঁর প্রারম্ভিক বক্তব্যে ২০২২-২০২৩ অর্থ বছরের স্বাক্ষরিত এপিএ চুক্তির কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের কার্যক্রমসমূহের গত ৬ মাসের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা ও লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনসমূহের বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য সভায় আহ্বান করেন।
- ১.২। এ পর্যায়ে এপিএ টিমের ফোকাল পয়েন্ট ও উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্ট প্লানিং এন্ড মনিটরিং) সভায় অবহিত করেন যে, কৌশলগত উদ্দেশ্যসমূহের মধ্যে গ্যাস পাইপলাইন সম্প্রসারণের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে এবং নদী ক্রসিং (এইচডিডি পদ্ধতিতে) ৪টি এর বিপরীতে ৩টি ইতোমধ্যে অর্জিত হয়েছে।
- ১.৩। ভৌত অবকাঠামো নির্মাণের বিষয়ে মহাব্যবস্থাপক (ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট) ও সদস্য এপিএ কমিটি সভায় জানান যে, ভৌত অবকাঠামো নির্মাণ ৪টি কাজের বিপরীতে ৩টি ইতোমধ্যে অর্জিত হয়েছে। তবে ৪র্থটি সরকারের ব্যয় সংকোচন নীতিমালার কারণে ১০০% বাস্তবায়ন করা সম্ভব না হলেও ইতোমধ্যে ৬৭%(আর্থিক) ও ৭৮% (বাস্তব) অগ্রগতি অর্জন করা সম্ভব হয়েছে। এবিষয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এপিএ টিমের ফোকাল পয়েন্ট ও উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্ট প্লানিং এন্ড মনিটরিং) এর দৃষ্টি আকর্ষণ করলে তিনি সভায় অবহিত করেন যে, ব্যয় সংকোচন পরিপত্রের আলোকে ব্যাখ্যা প্রদান করা হলে এ খাতে অর্জন ১০০% ধরা হবে মর্মে আশা করা যায়।
- ১.৪। এপিএ টিমের ফোকাল পয়েন্ট ও উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্ট প্লানিং এন্ড মনিটরিং) সভায় অবহিত করেন যে, ইউক্রেন-রাশিয়া যুদ্ধ ও বিশ্বব্যাপী জ্বালানির মূল্য বৃদ্ধির কারণে এলএনজি আমদানি বৃদ্ধি না পাওয়ায় জিটিসিএল এর নেটওয়ার্কের মাধ্যমে বিতরণ কোম্পানির কাছে গ্যাস সরবরাহের শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন এবং বিতরণ কোম্পানিসমূহ কর্তৃক সম্পূর্ণ টাকা পরিশোধ না করায় রাজস্ব সংগ্রহের লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিয়ে শঙ্কা প্রকাশ করেন। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এ বিষয়টি জিটিসিএল-এর নিয়ন্ত্রণে নেই বলে উল্লেখ করেন।
- ১.৫। সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের কার্যক্রমসমূহের ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং অগ্রগতি সন্তোষজনক মর্মে সভায় অবহিত করা হয়। সভায় তথ্য বাতায়ন ওয়েবসাইট নির্ধারিত সময়ে ও নিয়মিতভাবে হালনাগাদের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলার সভা/কর্মশালার মধ্যে সরকারের “মাইগভ.বিডি- এক ঠিকানায় সরকারি সেবা” সম্পর্কিত ওয়েবসাইট এর উপযোগিতা ও প্রয়োজনীয়তা বিষয়ক তথ্য জিটিসিএল এর কর্মকর্তা/কর্মচারীদের অবহিতকরণের জন্য আলোচনায় অন্তর্ভুক্ত করার বিষয়ে বিশেষ গুরুত্ব আরোপ করেন। এবিষয়ে মহাব্যবস্থাপক (এইচ আর) ও আস্থায়ক, এপিএ টিম এর দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া, শুদ্ধাচার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সভায় ন্যূনতম ৩ থেকে সর্বোচ্চ ৫ কার্যদিবসের মধ্যে সকল নথির কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

